দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR 12 1999

পৃষ্ঠা ৪ কলাম ৫

৭৭

# বইয়ের মূল্য এবং পাঠকের ক্রয় ক্ষমতা

বই সাধারণ পাঠকদের ক্রয় ক্ষমতার বাহিরে চলিয়া যাইতেছে। যে বইয়ের মূল্য ৪০-৫০ টাকার অধিক হওয়া উচিত নয়; সে বই বেশ কয়েক বছর ধরিয়াই কাগজ ও অন্যান্য সামগ্রীর মূল্য বৃদ্ধির কারণে ১০০ বা ২০০ টাকায় কিনতে হইতেছে। বইয়ের কোন বিকল্প নাই। কিন্তু বই কেনার সাধ থাকিলেও অনেকেই তাহা ক্রয় করিতে পারেন না। সবার ঘরে যাহাতে বই পৌছায়, অবশ্যই বিনামূল্যে নয়–অনায়াসে ক্রয় ক্ষমতার আওতায় আসিলেই তাহা সম্ভব হইবে। এ ক্ষেত্রে পাঠ্য বইয়ের মত সৃজনশীল বই প্রকাশে সরকার অনুদান দিবার বিষয়টি বিবেচনা করিতে পারেন। তাহাতে বইয়ের মূল্য পাঠকের সহনীয় পর্যায়ে রাখা সম্ভব হইবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট মহলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

লাবনী চৌধুরী,
লিটু চৌধুরী,
ফরাশগঞ্জ রোড,
শ্যামবাজার, ঢাকা।